লীড্‌সে যত্ন নেওয়া

কেয়ারারদের জন্য এ্যাসেস্‌মেন্ট (মূল্যায়ন)

আপনি কি কোন বন্ধু, আত্মীয় বা প্রতিবেশীকে বাড়িতে দেখাশোনা করতে সাহায্য করেন?

আপনি যে ব্যক্তির দেখাশোনা করেন তাকে সহায়তা করতে আপনার কি ধরণের সাহায্যের দরকার তার একটি এ্যাসেস্‌মেন্ট আপনি পেতে পারেন।

Leeds
CITY COUNCIL

www.leeds.gov.uk/caringinleeds

লীড্‌সে যত্ন নেওয়া

আপনি যদি কাউকে তার নিজ বাড়িতে প্রচুর পরিমানে নিয়মিত সহায়তা দিয়ে থাকেন তাহলে আপনার নিজের কি দরকার তার একটি এ্যাসেস্‌মেন্ট চাইবার অধিকার আপনার আছে যাতে আপনি যে সহায়তা প্রদান করছেন সেসব প্রদানে সাহায্য করার জন্য আপনি সেবাসমূহ পেতে পারেন। আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তাঁর যদি কোন সেবার দরকার না হয় বা তিনি না চান তাহলেও আইনতঃ আপনার নিজের জন্য একটি এ্যাসেস্‌মেন্টের অধিকার আপনার আছে।

এ্যাসেস্‌মেন্ট কি?

আপনি কি ধরণের যত্ন প্রদান করছেন এবং আপনার আত্মীয়, সঙ্গী, বন্ধু অথবা প্রতিবেশীকে সাহায্য ও সহায়তা অথবা ব্যক্তিগত যত্ন প্রদান করা চালিয়ে যেতে আপনাকে কি সাহায্য করবে তা এর দ্বারা স্বাস্থ্য অথবা সমাজ সেবা সংস্থাগুলির পেশাদারী ব্যক্তিরা জেনে নিতে পারেন।

একটি এ্যাসেস্‌মেন্টের জন্য উদ্বিগ্ন হবার কি দরকার?

একটি এ্যাসেস্‌মেন্ট আপনাকে বিভিন্নভাবে সাহায্য করতে পারে, উদাহরনস্বরূপ এটি আপনাকে যা পেতে সাহায্য করতে পারে:

- আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তিনি ভবিষ্যতে সেবা পাওয়ার ব্যাপারে যে কোন সিদ্ধান্ত নিলে সেখানে আপনার মতামত জানানোর সুযোগ।
- বেনিফিট সম্বন্ধে এবং আপনার অর্থ কিভাবে নিয়ন্ত্রন করবেন সে সম্বন্ধে উপদেশ।
- যত্ন করা ভাগাভাগি করে নিতে সাহায্য করার জন্য কেয়ারিং সেবাসমূহ।
- যত্ন করা থেকে কিছুটা অবসর দেওয়ার জন্য সেবাসমূহ।
- আপনার স্বাস্থ্য সংক্রান্ত কোন সমস্যা থাকলে সে ব্যাপারে সাহায্য।
- আপনি যে ব্যক্তির দেখাশোনা বা যত্ন করছেন তার বাড়ি তার উপযোগী করা বা যন্ত্রপাতির ব্যবস্থা করা যাতে তার দেখাশোনা করা আপনার জন্য দৈহিকভাবে সহজ হয়।
- অন্যান্য যেসব কেয়ারার আপনার মত একই অবস্থায় আছেন তাদের সঙ্গে যোগাযোগ করা।
- আপনি যে ব্যক্তিকে সাহায্য করছেন তার স্বাস্থ্যের অবস্থা বা চিকিৎসা সম্বন্ধে তথ্যাদি জানতে সাহায্য করা।

কেয়ারারদের জন্য এ্যাসেস্‌মেন্ট

- আপনার পরিস্থিতি নিয়ে কারোও সঙ্গে কথা বলা।
- যদি ভবিষ্যতে আপনার সাহায্যের দরকার হয় তাহলে কি ধরণের সাহায্যের ব্যবস্থা রয়েছে সে সম্বন্ধে তথ্যাদি জানা।
- আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তার জন্য সেবাসমূহ যাতে তার যত্ন করা চালিয়ে যাওয়া আপনার জন্য সহজ হয়।
- যদি এমন কোন জরুরী অবস্থার সৃষ্টি হয় যার দরুন আপনি আপনার প্রিয়জনের দেখাশোনা করতে না পারেন তাহলে কি হবে সে ব্যাপারে চিন্তা এবং পরিকল্পনা করতে সাহায্য করা।

কিভাবে একটি এ্যাসেস্‌মেন্ট করানো যায়

- যদি আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তিনি কোন সেবা না পেয়ে থাকেন কিন্তু আপনি আপনার প্রয়োজনের একটি এ্যাসেস্‌মেন্ট করাতে চান তাহলে 0113 222 4401 (প্রাপ্তবয়স্কদের কেয়ারার) 0113 222 4403 (বাচ্চাদের কেয়ারার) টেলিফোন সেন্টারের এই নম্বরগুলির মাধ্যমে লীড্‌স্‌ সোশ্যাল কেয়ারে ফোন করে একটি কেয়ারার্স এ্যাসেস্‌মেন্টের কথা বলুন। যে ব্যক্তির সঙ্গে আপনি কথা বলবেন তিনি আপনার সম্বন্ধে তথ্যাদি সঠিক টীমের কাছে পাঠিয়ে দেবেন। অথবা এই প্রচারপত্রটির পরবর্তী পৃষ্ঠায় দেওয়া কুপনটি ব্যবহার করুন।

- যদি আপনি যে ব্যক্তির দেখাশানা করছেন তিনি কোন এ্যাডাল্ট সোশ্যাল কেয়ার বা কোন মানসিক স্বাস্থ্য সেবা তখন পেতে থাকেন তাহলে তাদের নিজস্ব একটি কেয়ার প্ল্যান থাকবে যেটি হয়ত পর্যালোচনা করার সময় হবে, যদি তাই হয় তাহলে সেই সময়ে আপনি একটি কেয়ারার্স এ্যাসেস্‌মেন্ট চাইতে পারেন, কিন্তু আপনাকে অপেক্ষা করে থাকতে হবেনা - আপনি টেলিফোন সেন্টারে ফোন করে বা কোন কেয়ারার্স ডেভ্‌লপ্‌মেন্ট ওয়ার্কারের সঙ্গে যোগাযোগ করে এখন এটা চাইতে পারেন।
- আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তিনি যদি কোন বিশেষজ্ঞ মানসিক সেবা পেতে থাকেন তাহলে তাদের একটি ‘কেয়ার প্রোগ্রাম এ্যাপ্রোচ’ কোঅর্ডিনেটর থাকবেন। এই কোঅর্ডিনেটর কোন নার্স বা সোশ্যাল ওয়ার্কার হতে পারেন। CPA কোঅর্ডিনেটর নিজেরাই হয় আপনার জন্য একটি কেয়ারার্স এ্যাসেস্‌মেন্ট করবেন অথবা এটা করার ব্যবস্থা করবেন।
- আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তাঁর এ্যাসেস্‌মেন্ট যদি এ্যাডাল্ট সোশ্যাল কেয়ার করে থাকেন তাহলে আপনি একটি কেয়ারার্স এ্যাসেস্‌মেন্ট চান কি-না তা আপনাকে জিজ্ঞাসা করা হবে। আপনি যে ব্যক্তির দেখাশোনা করছেন তাঁর উপস্থিতিতে আপনি এ্যাসেস্‌মেন্ট করাতে পারেন অথবা আপনি একা থেকে করাতে পারেন।

  যদি আপনাকে একটি কেয়ারার এ্যাসেস্‌মেন্ট করানোর প্রস্তাব দেওয়া হয় কিন্তু সে সময়ে আপনি এটা নিয়ে চিন্তা করতে না চান, তাহলে আপনি পরে একটি এ্যাসেস্‌মেন্ট করানোর জন্য অনুরোধ জানাতে পারেন। আপনাকে একটি কার্ড দেওয়া হবে, আপনি যখন মনে করবেন যে আপনার জন্য

একটি এ্যাসেস্‌মেন্ট করানোর সময় হয়েছে তখন সেই কার্ডটি আপনি এ্যাডাল্ট সোশ্যাল কেয়ারের কাছে পাঠিয়ে দিবেন।

কাজ, শিক্ষা এবং বিনোদন

- কেয়ারার্স এ্যাসেস্‌মেন্টের সময়ে কেয়ারার হিসাবে আপনি যে কাজ করছেন তার সাথে আপনার কাজ অথবা ট্রেনিং (প্রশিক্ষন) একত্র করার ব্যাপারে আপনার ইচ্ছা এবং আপনার বিনোদনের প্রয়োজনের জন্য সুযোগ-সুবিধাগুলি দেখা হবে।

এ্যাসেস্‌মেন্টের পরে কি হয়?

আপনি না চাইলে কিছুই হবেনা।

- সোশ্যাল ওয়ার্কার বা কেয়ারের ওয়ার্কারের সঙ্গে কথা বলার পর যদি আপনি কিছু সমস্যা বা বিষয় চিহ্নিত করেন তাহলে একটি প্ল্যান (কর্ম-পরিকল্পনা) তৈরী করা হবে যেখানে দেখানো হবে কি করতে হবে এবং কারা সেসব করবেন। এর সবকিছুই হয়ত স্বাস্থ্য অথবা এ্যাডাল্ট সোশ্যাল কেয়ার করবেনা। প্ল্যানের একটি প্রতিলিপি আপনাকে দেওয়া হবে।

- যত্ন করা চালিয়ে যেতে যাতে আপনার জন্য সহজ হয় সে ব্যাপারে আপনাকে সাহায্য করার জন্য হয়ত সেবাসমূহ, তথ্যাদি, যন্ত্রপাতি বা সুযোগ-সুবিধা থাকতে পারে, এ্যাডাল্ট সোশ্যাল কেয়ার এইগুলি আপনার জন্য পাওয়ার চেষ্টা করবে। হয় তারাই সেবা প্রদান করবে নয়তো অন্য কোন সংস্থা যাতে সেবা প্রদান করতে পারে তার ব্যবস্থা করবে, অথবা যাতে আপনি নিজে সেবা খরিদ করতে (ডাইরেক্ট পেমেন্ট) পারেন সেজন্য আপনাকে অর্থ দিতে পারে। আপনার সোশ্যাল ওয়ার্কার বা কেয়ারার্স ডেভ্‌লপ্‌মেন্ট ওয়ার্কার এইগুলির ব্যবস্থা করবেন।

- অল্পবয়সী কেয়ারারদের অবস্থা বিশেষভাবে কঠিন এবং অল্পবয়সী হিসাবে তারা যাতে তাদের সম্ভাবনাময় লক্ষ্যে পৌঁছতে পারে সেজন্য তাদেরকে সহায়তা এবং সাহায্য করার জন্য কিছু বিশেষ সেবার ব্যবস্থা রয়েছে।

আরোও তথ্যাদির জন্য **0113 240 8368 এই নম্বরে উইলো প্রজেক্টের** সঙ্গে যোগাযোগ করুন।

অবসর পাওয়া

ডাইরেক্ট পেমেন্ট্স্

আপনার এ্যাসেস্মেন্ট হয়ে যাবার পর আপনার প্রয়োজনীয় সেবাদি খরিদ করার জন্য এ্যাডাল্ট সোশ্যাল কেয়ার হয়ত আপনাকে অর্থ দিতে পারে।

ড্যাটা প্রোটেক্শন (উপাত্ত নিরাপত্তা)এবং তথ্যাদির গোপনীয়তা

আমরা ১৯৯৮ সালের ড্যাটা প্রোটেক্শন আইনের অধীনে তথ্য সংগ্রহ করি এবং আপনার সম্বন্ধে তথাযাদি গোপনীয়তার সঙ্গে কম্পিউটারে রাখি। যদি আপনার সম্বন্ধে তথ্যাদি অন্যদেরকে জানাতে হয় তাহলে সেসব এইজন্য করা হবে যাতে আপনাকে দেওয়া সহায়তা কার্যকরী হয়। অন্য আর কোন কারণে এসব জানানো হবেনা। আপনার সম্বন্ধে রাখা তথ্য যে কোন পর্যায়ে আপনার দেখার অধিকার আছে এবং কেবলমাত্র আপনার অনুমতি নিয়েই আপনার সম্বন্ধে রাখা তথ্যাদি অন্যদের জানানো হবে।

দয়া করে নিচে আপনার সম্বন্ধে বিস্তারিত দিয়ে নিচের ঠিকানায় পাঠিয়ে দিন :

Bridget Maguire, Leeds Adult Social Care, Merrion House,
110 Merrion Centre, Leeds LS2 8QB

আমি একজনের দেখাশোনা করতে সাহায্য করছি যিনি প্রতিবন্ধী অথবা যার স্বাস্থ্যগত যত্নের প্রয়োজন রয়েছে। তাঁর নাম হলো:

....

জন্মতারিখ ....

আমি একটি কেয়ারার্স এ্যাসেস্মেন্ট পেতে চাই।

আমার নাম ....

ঠিকানা ....

....

.... পোষ্টকোড্ ....

টেলিফোন .... জন্মতারিখ ....

ইমেইল ....

লীড্সে যত্ন নেওয়া

কেয়ারারদের জন্য দরকারী যোগাযোগসমূহ

- **সোশ্যাল কেয়ার 0113 222 4401(প্রাপ্তবয়স্ক) 0113 222 4403** (বাচ্চা)
- **কেয়ারার্স লীড্স্ 0113 246 8338 - সহায়তা এবং উপদেশের জন্য** www.carersleeds.org.uk
- **আল্‌জেইমার্স 0113 231 1727 www.alzheimers.org.uk**
- **কেয়ারার্স ইউকে - উপদেশের জন্য www.carersonline.org.uk**
  -জাতীয় হেল্পলাইন 0808 808 7777
- **NHS ডাইরেক্ট 0845 4647 -** চিকিৎসা সংক্রান্ত উপদেশের জন্য
- **ইমার্জেন্সী ডিউটি (জরুরী অবস্থার কর্তব্যরত) সোশ্যাল কেয়ার সার্ভিসেস** (কাজের সময়ের বাইরে) **0113 240 9536**

এই সিরিজের আরোও ২টি প্রচারপত্র রয়েছে :

কেয়ারারদের জন্য সেবাসমূহের একটি দ্রুত নির্দেশনা
অবসর পাওয়া

এই প্রচারপত্রগুলি বড় ছাপার অক্ষরে, ব্রেইল (অন্ধলিপি) এবং অডিও টেপ সহ নিম্নলিখিত ভাষাতেও পাওয়া যায়:
বাংলা, ক্যান্টনীজ, পাঞ্জাবী এবং উর্দূ

লীড্সে কেয়ারারদের জন্য সেবাসমূহের একটি ডাইরেক্টরীও রয়েছে :
'চয়েসেস ফর কেয়ারার্স (কেয়ারারদের জন্য পছন্দ)'

উপরের যে কোন একটি প্রতিলিপি পেতে চাইলে দয়া করে ফোন করুন
0113 227 8629

লীড্স সিটি কাউন্সিল দ্বারা প্রকাশিত অক্টোবর ২০০৯